


পাবনা জেলার আটঘরিয়া পৌরসভার জন্য ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা পাবনা জেলার আটঘরিয়া পৌরসভার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৭/১০/২০২৪ খি. তারিখে সরকার কর্তৃক জারিকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ ও খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ০৯/১০/২০২৪ খি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৫ নং পরিপত্রের অনুবৃত্তিক্রমে ৩০/১০/২০২৪ খি. তারিখে অনুষ্ঠিত আটঘরিয়া উপজেলা ওএমএস কমিটির সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক আটঘরিয়া পৌরসভায় খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয়ের (ওএমএস) জন্য অত্র পৌরসভার ০৬ (ছয়) টি বিক্রয় কেন্দ্র যথাক্রমে;-(ক) **কড়ইতলা বাজার** (খ) **আটঘরিয়া বাজার** (গ) **জালালের ঢাল** (ঘ) **কিরানীর ঢাল** (ঙ) **আমির খীর ঢাল** (চ) **দেবোত্তর বাজার। প্রতিটি বিক্রয় কেন্দ্রে ০১(এক) জন করে মোট ০৬ (ছয়) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে।**

আটঘরিয়া পৌরসভায় স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নোক্ত **শর্তসাপেক্ষে ০১/১১/২০২৪খি. হতে ১১/১১/২০২৪খিঃ তারিখ রোজ সোমবার বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আটঘরিয়া, পাবনা বরাবর আবেদন গ্রহণ করা হবে।

শর্তসমূহঃ

১. বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে আটঘরিয়া পৌরসভার স্থায়ী বাসিন্দা হিসেবে বসবাসকারী যে কোন নাগরিক আবেদন করতে পারবেন;
২. আবেদনকারীকে পৌরসভার ট্রেড লাইসেন্সধারী হতে হবে এবং ট্রেড লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
৩. আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্স প্রাপ্ত ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;
৪. আবেদনকারীর কমপক্ষে ০৩ (তিন) মে.টন খাদ্য শস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে;
৫. নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাক/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে;
৬. আবেদনকারীর ব্যবসা প্রতিষ্ঠান যে এলাকায় অবস্থিত সে এলাকার জন্য আবেদন করতে হবে এবং একই এলাকার একাধিক প্রার্থী আবেদন করলে যোগ্য আবেদনকারীদের মধ্য হতে লটারির মাধ্যমে এলাকা ভিত্তিক একজন ডিলার নির্বাচন করা হবে;
৭. খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের করনে ডিলারশীপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না;
৮. খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসেবে কর্মরত কোনো ব্যক্তি/তার উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না;
৯. প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
১০. কোন ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশিপ ব্যতিত অন্য কোনো ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে, এর ব্যত্যয় হলে উক্ত ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে;
১১. ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারের সক্ষমতা থাকতে হবে;
১২. খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুন ভাবে আবেদন করতে পারবেন;
১৩. ওএমএস ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকার ট্রেজারী চালানের মূল কপি প্রদর্শন এবং চালানের ফটোকপি জমা দিয়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আটঘরিয়া, পাবনা হতে আবেদন ফরম সংগ্রহ করা যাবে। চালানের টাকা **প্রধান কার্যালয়, খাদ্য অধিদপ্তরের কোড নং ১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯-অন্যান্য আদায়' খাতে এ-চালানের** মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে চালান পাশ করতে হবে। চালানের মূল কপি আবেদনের সাথে দাখিল করতে হবে। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্র যথাযথ ভাবে সংযুক্তি দিয়ে খামবন্দি করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আটঘরিয়া, পাবনা বরাবর জমা প্রদান করতে হবে;
১৪. ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;


৩০/১০/২০২৪

(মোঃ নাহারুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
আটঘরিয়া, পাবনা।

ও

সভাপতি

উপজেলা ওএমএস কমিটি
আটঘরিয়া, পাবনা।